



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.২৯৮.১৪-

তারিখঃ- ১০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৫ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

### প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-২৮২/২০১৫ এর ১২/০২/২০২০ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব লিয়াকত আলী, (জন্ম তারিখ ২৫/১২/১৯৫৫ খ্রিঃ) রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকাকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ২৪/১২/২০১৫ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমা হিসেবে ২৫/১২/২০১৫ খ্রিঃ তারিখ হতে ২৪/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) ভূতাপেক্ষভাবে মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাঃ

(মোঃ আবুল হাশেম)

দ্বিতীয় সচিব (শুঃ ভঃ প্রঃ-১)

ফোন:-৮৩৯১৬৩৪

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.২৯৮.১৪- ৪৪৮(২)

তারিখঃ- ১০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
২৫ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০২। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।

০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

০৫। জনাব লিয়াকত আলী, রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।

স্বাঃ  
(মোঃ আবুল হাশেম) ২০২১

দ্বিতীয় সচিব (শুঃ ভঃ প্রঃ-১)